গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০১.২৫ (অংশ-৩)-১১৩

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মশিউর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, নীলফামারী পৌরসভা, নীলফামারী (বর্তমানে রংপুর জেলার বদরগঞ্জ পৌরসভায় বদলির আদেশাধীন) হিসেবে দায়িত্ব পালনকালে উক্ত পৌরসভার সুপার মার্কেটের ৮১ টি দোকান বরাদ্দ সংক্রান্ত আহবানকৃত দরপত্রে মূল্যায়ান্তে একক দরপত্রে ৫৪ টি দোকানে সিন্ডিকেটের মাধ্যমে শিডিউল ড্রপিং করা হয়েছে এবং উক্ত সিন্ডিকেট এর সাথে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ মশিউর রহমান এবং কর আদায়কারী জনাব মোঃ আনোয়ার হোসেন জড়িত মর্মে প্রমাণিত হয়েছে; এবং

২। যেহেতু, তিনি তার নিকট আত্মীয়ের নামে পৌর সুপার মার্কেটের কয়েকটি দোকান হাতিয়ে নেওয়ার অপচেষ্টা করেছেন; এবং

৩। যেহেতু, উক্ত মার্কেটের পুনঃদরপত্র আহবান করা হলে তার প্রত্যক্ষ ইন্ধনে বাতিলকৃত শিডিউল দাখিলকারীগণ পৌরসভার বিপক্ষে মামলা দায়ের করেছেন; এবং

৪। যেহেতু, তিনি একজন দুর্নীতিবাজ কর্মকর্তা হিসাবে এলাকায় ব্যাপক জনশ্রুতি রয়েছে; এবং

৫। যেহেতু, তিনি ০১/০৮/১৯৯৬ তারিখে নাইন টাউন প্রজেক্টের সোশ্যাল অর্গানাইজার হিসাবে যোগদান করে বিধি বহির্ভূতভাবে পৌরসভার প্রশাসনিক পদে পদোন্নতি গ্রহণ করেছেন; এবং

৬। যেহেতু, তাঁর উক্ত কার্যক্রমের ফলে নীলফামারী পৌরসভার উন্নয়নমূলক কাজের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে; এবং

৭। যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপ পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক)(খ)(ঙ) এর (আ) ও (চ) অনুযায়ী 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ', 'দুর্নীতিপরায়ণ' ও 'প্রতারণার' পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

৮। যেহেতু, পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪৬(১) অনুযায়ী বিধি ৪০ বা ৪১ এর অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকিলে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে; এবং

৯। যেহেতু, পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক)(খ)(ঙ) এর (আ) ও (চ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে উপর্যুক্ত অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা রয়েছে মর্মে সরকার মনে করে;

১০। সেহেতু, পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪৬(১) অনুযায়ী জনাব মোঃ মশিউর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, নীলফামারী পৌরসভা, নীলফামারী (বর্তমানে রংপুর জেলার বদরগঞ্জ পৌরসভায় বদলির আদেশাধীন)-কে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো।

১১। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মো: রেজাউল মাকছুদ জাহেদী
সচিব

নং-৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০১.২৫ (অংশ-৩)-১১৩ (১/৬)

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে-

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। প্রশাসক, নীলফামারী পৌরসভা, নীলফামারী/ বদরগঞ্জ পৌরসভা, রংপুর
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। জনাব মোঃ মশিউর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), নীলফামারী পৌরসভা, নীলফামারী (বর্তমানে রংপুর জেলার বদরগঞ্জ পৌরসভায় বদলির আদেশাধীন)

মাহবুবা আইরিন
যুগ্মসচিব